গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

## জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী 'সেবা সহজিকরণ' এর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান নির্বাচন সংক্রান্ত সভার কার্যবিবরণী ।

সভাপতি : জনাব সাকিউন নাহার বেগম, এনডিসি. নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ২৬ /১২/২০২১ ইং ।

সময় : বেলা ৪.০০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত ।

২। জাতীয় মহিলা সংস্থার নির্বাহী পরিচালক, APA টিমের সভাপতি জনাব. জনাব সাকিউন নাহার বেগম, এনডিসি. সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী 'সেবা সহজিকরণ' এর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান নির্বাচনের বিষয়ে উপস্থাপনের জন্য সংস্থার সহকারী পরিচালক, জনাব লায়লা আরজুমান বানুকে অনুরোধ জানান।

৩। সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী ''সেবা সহজিকরণ'' – এর লক্ষ্যে সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা সরাসরি মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যেমে প্রদানের বিষয় সভায় উপস্থাপন করেন।

৪। তিনি জানান যে, জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের APA এর অন্তর্ভুক্ত ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার আওতায় ''সেবা সহজিকরণ'' – এর লক্ষ্যে সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা সরাসরি মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যেমে প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়। উক্ত উদ্যোগটি বাস্তবায়নের লক্ষ্যে মোবাইল ব্যাংকিং পরিচালনাকারী ৩টি প্রতিষ্ঠানের নিকট থেকে প্রস্তাব সংগ্রহ করা হয়েছে। ৩টি প্রতিষ্ঠানের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। | **বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড :** বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তার নিকট থেকে প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাবে দেখা যায় উক্ত প্রতিষ্ঠানটি বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব এর ৯০ ও ৯১ তম জন্মবার্ষিকীতে যথাক্রমে প্রায় ১৩০০ ও ২০০০ দুস্থ নারীদের মাঝে সুনামের সাথে ভাতা প্রদান করেন এছাড়াও উদ্ভুত করোনা পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত আর্থিক সহায়তার প্রায় ১৭ লক্ষ এবং পর্যায়ক্রমে ১৪ লক্ষ পরিবারকে সহায়তা প্রদান করেছেন।<br><br>বর্তমানে তাদের বাংলাদেশের প্রত্যন্ত অঞ্চলসহ ২ লক্ষ ২০ হাজার এর বেশী উদ্যোক্তা পয়েন্ট রয়েছে।<br><br>যেহেতু 'নগদ' লিমিটেড এর উদ্যোক্তা পয়েন্ট সারা বাংলাদেশের প্রত্যান্ত অঞ্চলে রয়েছে এবং উক্ত প্রতিষ্ঠানটি সুনামের সাথে মোবাইল ব্যাংকিং পরিচালনা করে আসছে। সেহেতু জাতীয় মহিলা সংস্থার ৬৪ জেলা এবং ৫০ উপজেলা শাখার প্রশিক্ষণার্থীদের ভাতা 'নগদ' লিমিটেড এর মাধ্যমে প্রদান করলে সংস্থার উদ্যাগটি বাস্তবায়নে সহজ ও সঠিক হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন। | বর্ণিত ৩টি প্রতিষ্ঠান হতে পর্যাপ্ত এজেন্ট পয়েন্ট, সেবা প্রদানের পদ্ধতি, সেবা প্রাপ্তির সহজলভ্যতা এবং অন্যান্য দিক বিবেচনা করে **বাংলাদেশ ডাক বিভাগের অধীন ''নগদ'' লিমিটেড এর মাধ্যমে** সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা সরাসরি মোবাইল ব্যাংকিং একাউন্টের মাধ্যেমে প্রদানের বিষয়ে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ২। | ব্র্যাক ব্যাংক এর অধীন ''বিকাশ'' লিমিটেড : ব্র্যাক ব্যাংক এর অধীন ''বিকাশ'' লিমিটেড এর হেড অফ গভ: প্রজেক্ট এন্ড বিজনেস সেলস এর নিকট থেকে প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাব যাচাইয়ান্তে দেখা যায়, উক্ত প্রতিষ্ঠানটি সরকারের বিভিন্ন কার্যক্রম যেমন : শিক্ষামন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, মংস্য ও প্রাণী সম্পদ মন্ত্রণায়, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, কৃষি মন্ত্রণালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে প্রদত্ত করোনাকালীণ আর্থিক ত্রাণ সহ বিভিন্ন ভাতা ও উপবৃত্তির টাকা বিতরণ করেন।<br><br>বর্তমানে সারা দেশ জুড়ে প্রায় ২ লক্ষ ৭০ হাজার এজেন্ট নেটওয়ার্ক রয়েছে বলে তারা প্রস্তাবে উল্লেখ করেন।<br><br>ব্রাক ব্যাংক এর অধীন ''বিকাশ'' লিমিটেড প্রতিষ্ঠানটির ব্যবসায়িক ক্ষেত্র ব্যাপক হওয়ায় সংস্থার জেলা ও উপজেলায় প্রশিক্ষণার্থীর ভাতা বিতরণে প্রতিষ্ঠানটি খুব বেশী গুরুত্ব প্রদান করবে না বলে সভার সকল সদস্য একমত পোষণ করেন। এছাড়াও বিভিন্ন সময়ে বিকাশ একাউন্ট হতে পিন কোড জেনে নিয়ে টাকা মিসিং হওয়ার অভিজ্ঞতাও অনেকে শেয়ার করেছেন। | |
| ৩। | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক এর অধীন ''উপায়'' লিমিটেড : ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক এর অধীন ''উপায়'' লিমিটেড এর একাউন্টস ম্যানেজারের নিকট থেকে প্রস্তাব পাওয়া গেছে। প্রস্তাব যাছায়ান্তে দেখা যায়, উক্ত প্রতিষ্ঠান সরকারের পুলিশ কেস এর অর্থ , অর্থ মন্ত্রণালয়ের অধীন সেফ প্রকেল্পর ট্রেনিং এর ভাতা বিতরণ করেন।<br><br>বর্তমানে ৬৪ জেলার ৫৫৪ উপজেলায় তাদের এজেন্ট পয়েন্ট রয়েছে মর্মে প্রস্তাবে উল্লেখ্য রয়েছে। | |

| | | |
|---|---|---|
| | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক এর অধীন ''উপায়'' লিমিটেডটি নতুনভাবে তাদের কার্যক্রমটি শুরু করেছে। দেশের সকল জায়গায় তাদের পর্যাপ্ত এজেন্ট পয়েন্ট এখনও স্থাপন না হওয়ায় সংস্থার উদ্যোগটি সঠিকভাবে বাস্তবায়নে ব্যাঘাত ঘটতে পারে মর্মে সভায় সকলে মত পোষণ করেন। | |
| | পাইলটিং প্রকল্প হিসেবে পুর্বের ১০টি জেলা ও ১০টি" উপজেলা ঠিক রেখে আরও ২০টি জেলা নির্বাচন :<br><br>পূর্বের নির্বাচিত ১০টি জেলা :- ঢাকা, রাজশাহী, লক্ষীপুর, চট্টগ্রাম, ভোলা, পটুয়াখালী, গোপালগঞ্জ, টাঙ্গাইল, ব্রাহ্মণবাড়ীয়া ও পঞ্চগড়। এছাড়াও পাইলটিং প্রকল্পের আওতায় প্রতিটি বিভাগ থেকে আরও ২০টি জেলা সভায় উপস্থিত সকলের সম্মতিক্রমে নির্বাচন করা হয়।<br><br>নির্বাচিত জেলা হলো : কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, কুমিল্লা, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, নড়াইল, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নাটোর, হবিগঞ্জ, সিলেট, নেত্রকোনা, জামালপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝালকাঠি।<br><br>পুর্বে নির্বাচিত ১০টি উপজেলা :- ধামরাই, মাটিরাঙ্গা, ভেড়ামারা, নলছিটি, শিবচর, মুক্তাগাছা, দেবিদ্বার, নন্দিগ্রাম, মনিরামপুর ও গৌরনদী। | পাইলটিং প্রকল্প হিসেবে পুর্বের ১০টি জেলা ও ১০টি" উপজেলা ঠিক রেখে আরও ২০টি জেলা - কিশোরগঞ্জ, মুন্সিগঞ্জ, নরসিংদী, রাজবাড়ী, কুমিল্লা, রাঙ্গামাটি, খুলনা, বাগেরহাট, নড়াইল, মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নাটোর, হবিগঞ্জ, সিলেট, নেত্রকোনা, জামালপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, ঝালকাঠি নির্বাচন করার সিদ্ধান্ত গৃহীত হয়। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

২৮/১২/২০২০

(সাকিউন নাহার বেগম, এনডিসি)
নির্বাহী পরিচালক (অতি:সচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -২২২২২২৩৪১

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯(অংশ-১)-৫৬৭ তারিখ :- 28/12/2020

**বিতরণ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। উপপরিচালক, (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
২। উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৩। সহকারী পরিচালক, (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।
৫। সহকারী পরিচালক, (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।
৬। সহকারী পরিচালক, (প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
৭। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৮। হিসাব রক্ষক , জাতীয় মহিলা সংস্থা।
৯। প্রশিক্ষক (কম্পিউটার) জে.ভি.ম.ক.প্র.প্র (৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।
(সংস্থার ওয়েব সাইটে ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধ জানানো হলো )

অনুলিপি (সদয় অবগতির জন্য):

১। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

২। অফিস কপি।

(জি.এম.রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -৪৮৩১৩৮৩৩

পরিশিষ্ট "ক"

শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

বিষয় : জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী "সেবা সহজিকরণ" এর আওতায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে সেলাই ও এমব্রয়ডারী প্রশিক্ষণ ভাতা প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠান নির্বাচনের জন্য অদ্য ২৬/১২/২০২১ তারিখের কার্যপত্র সভার উপস্থিতি তালিকা :

| ক্র:নং | নাম, পদবী ও প্রতিষ্ঠান | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১। | বি,এম,নাসিরুল ইসলাম, পরিচালক | [signature] ২৬/১২/২১ |
| ২। | মোহাম্মদ আলী চৌধুরী সহকারী পরিচালক ([illegible]) | [signature] ২৬/১২/২০ |
| ৩। | রাজেশ রমন মোল্লা সহকারী পরিচালক (প্রকল্প) | [signature] ২৬/১২/২১ |
| ৪। | লায়লা আরজুমান বানু সহকারী পরিচালক (প্রকল্প) | লায়লা ২৬/১২/২০২১ |
| ৫। | মাছুমা বেগম, মূল্যায়ন কর্মকর্তা প্রশাসন | [signature] ২৬/১২/২১ |
| ৬। | শ্রী বিনয় কুমার রায় প্রশিক্ষক কম্পিউটার, জামস | [signature] ২৬.১২.২০২১ |
| ৭। | | |
| ৮। | মো: হুমায়ুন কবীর হিসাব রক্ষক, জামস | [signature] ২৬/১২/২০২১ |
| ৯। | | |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |